## ময়মনসিংহ সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **জনাব আশরাফ হোসাইন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।
তারিখ ঃ **২১/০৯/২০২১ খ্রিস্টাব্দ, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।**

**উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং উপস্থিত বিভাগীয় প্রধানগণের তালিকা পরিশিষ্ট 'খ'**

সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান জনাব আশরাফ হোসাইন সভার শুরুতেই সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় সম্মানিত সদস্যগণের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল অফিস ঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচী(এডিপি) ২০২১-২০২২ অর্থ বছরে আওতায় এডিপি কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে কার্যক্রম শুরু হবে বলে জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে অতিদ্রুত এডিপি বাস্তবায়ন কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশল ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার ডাঃ মোঃ শাহজাহান কবির, সভায় জানান বর্তমানে দেশে করোনা সংক্রামনের হার নিম্নগতি । পাশাপশি করেনার মৃত্যুর সংখ্যা কমে আসছে। এমতাবস্থায়, স্বাস্থ্য বিধি মেনে চলা, সঠিক নিয়মে মাক্স পরিধান করা এবং সামাজিক দূরত্ব বজায়রাখা, নিয়মিত বিরতিতে সাবান পানি দিয়ে হাত ধৌত করা অথবা হাত স্যানিটাইজার ব্যবহারের জন্য অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোনান্তে ময়মনসিংহ সদর উপজেলায় করোনা সংক্রামন যাতে আর বৃদ্ধি না হয় সে ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেয়ার ব্যবস্থা সিদ্ধান্ত গৃহীত হয়।। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দ। |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার জানান, বর্তমানে মাঠে রোপা আমন রোপণ কার্যক্রম চলমান আছে। ফসলের বর্তমান অবস্থা ভাল রয়েছে। তিনি আরও জানান ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তার আওতায় কৃষি যন্ত্রপাতি বিতরণের জন্য কম্বাইন হারভেষ্টার, পাওয়ার প্রেসার ও গ্রীজার যন্ত্র ক্রয়ের আবেদন জমা পড়েছে যা উপজেলা কৃষি পুনর্বাসণ বাস্তবায়ন কমিটি কর্তৃক অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হবে। খরিপ-২/২০২১-২২ মৌসুমে ৩০০জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণের জন্য প্রনোদানা এসেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও স্বভাবিক গতিতেই চলছে। | সভায় আলোচনান্তে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় হারভেষ্টার বিতরণের তালিকা দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় পোনা মাছ অবমুক্তকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ বছর ২১টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে ৫০ কেজি রুই জাতীয় মাছ অবমুক্ত করা হয়। তছাড়া ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় স্থাপিত প্রদর্শনী খামারের পুকুর পরিদর্শন, পানি পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে। মৎস্য খাদ্যের গুনগত মান নিয়ন্ত্রণে খাদ্য নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে প্রেরণ, মৎস্য চাষীর পুকুর পরিদর্শন, হ্যাচারী পরিদর্শন ও মাছ বাজার মনিটরিংসহ মৎস্য হ্যাচারি/মৎস্য খাদ্যের লাইসেন্স প্রদান ও নবায়ন এবং অন্যান্য বিভাগীয় কাজ সুষ্ঠু ভাবেই চলছে। | সভায় আলোচনান্তে ২০২১-২২ অর্থ বছরে পোনামছ অবমুক্তকরণ, মৎস্য চাষ প্রযুক্তিসেবা সম্পসারন প্রকওল্পের আওতায় প্রদর্শনী খামার পরিদর্শন, পানি পরীক্ষা, খাদ্যের গুনগতমান পরীক্ষা/লাইসেন্স প্রদান ও নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়ন উপজেলা মৎস্য অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিস ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, ১২/০৯/২১ তারিখ হতে প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে। নতুন নির্দেশনা ও পাঠ পরিকল্পনা অনুযায়ী শ্রেণী পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। ঝরে পাড়া শিক্ষার্থীদের তালিকা প্রনয়নের কাজ চলমান রয়েছে। প্রতিদিন বিদ্যালয়ে উপস্থিত ও অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা করে ঝরেপাড়া শিক্ষার্থীদের সংখ্যা যাচাই করা হয়। কোভিড-১৯ এ আক্রান্ত শিক্ষকগণের নাম ও অন্যান্য তথ্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সফটওয়ারে এন্ট্রির ব্যবস্থা হয় এবং নিয়মিত আপডেট করা হয়। বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৭ | উপজেলা পরিসংখ্যান অফিস ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় বলেন যে, মন্ত্রীপরিষদ বিভাগ থেকে ১৯৭১ সালে বাংলাদেশে আটকে পড়া পাকিস্থনি নাগরিক আছে কি না, থাকলে তার সংখ্যা জানতে চাওয়া হয়। তিনি ময়মনসিংহ সদর উপজেলার সকল ইউনিয়ন চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করে জানতে চান তাদের ইউনিয়নে এমন কেউ আছে কিনা। সিরতা ইউনিয়ন চেয়ারম্যান তার ইউনিয়নের চর ভবানীপুরে ১টি এবং খাগডহর ইউনিয়নের চেয়ারম্যান জানান বেগুনবাড়ীতে একটি রিফিউজি ক্যাম্প রয়েছে কিন্তু তারা পাকিস্থানি নাগরিক কিনা তা যাচাই করে দেখতে হবে। অন্যান্য ইউপি চেয়ারম্যান জানান তার ইউনিয়নে কোন আটকে পড়া পাকিস্থানি নাগরিক নেই। উপজেলা নির্বাহী অফিসার সকলকে এ বিষয়টি অধিকতর যাচাই করে পরিসংখ্যান কর্মকর্তাকে অবহিত করার জন্য বলেন। তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ময়মনসিংহ সদর উপজেলা কোন আটকে পড়া পাকিস্তনি নাগরিক আছে কিনা সকল ইউপি চেয়ারম্যানগণকে এ বিষয়ে তদন্ত করে আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার/সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, ২০২১-২২ অর্থ বছরে মাঠ পর্যায়ে দক্ষতাবৃদ্ধি মূলক অপ্রতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণের জন্য ১৪টি ব্যাচে ৩০জন করে ৪২০জন যুব মহিলাকে প্রশিক্ষণ করা হবে । প্রশিক্ষনার্থীদের যাতায়ত সুগম করার লক্ষ্যে জনপ্রতি ৬০০/-টাকা হারে বরাদ্দ রয়েছে। স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণের গুনগতমান বজায় রেখে যুবদের | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | [illegible]জেলা প্রকল্প বাস্তবায়ন অফিস: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের [illegible]ার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| | উপজেলা সমবায় অফিস: সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সং[illegible]কল |
| ১০ | আমার বাড়ি আমার খামার: সমন্বয়, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। । এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | উপজেলা জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস: উপসহকারী প্রকৌশলী (জন-স্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | উপজেলা সমাজসেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকতা সভায় জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে ঋন বিতরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা অফিস: উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সার্বিক কার্যক্রম ভালভাবে চলছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে ঋন বিতরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৬ | উপজেলা বন কর্মকর্তা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ সভায় বলেন যে, ২০২১-২২ অর্থ বছরে অত্র উপজেলার জন্য বিভিন্ন জাতের ৭,৭০০টি গাছের চারার বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ মোতাবেক এমপি মহোদয়ের জন্য ১,০০টি, চেয়ারম্যান উপজেলা পরিষদের জন্য ১৫০০টি, প্রতি ইউনিয়নের জন্য ২০০টি করে মোট ২২০০টি, আশ্রয়ণ প্রকল্পের জন্য ১৫০০টি করে বিতরন করা যেতে পারে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় আলোচনান্তে এমপি মহোদয়ের জন্য ১,০০টি, চেয়ারম্যান উপজেলা পরিষদের জন্য ১৫০০টি, প্রতি ইউনিয়নের জন্য ২০০টি করে , আশ্রয়ণ প্রকল্পের জন্য ১৫০০টি করে চারা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ১৭ | বিবিধ আলোচনা ঃ ইউজিডিপি প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প অনুমোদন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ<br>চেয়ারপারসনের অনুমতিক্রমে প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ বছরের(৫ম পর্বে)ইউজিডিপি প্রকল্পের সক্ষমতা উন্নয়ন উপ প্রকল্প বাবদ বরাদ্দ ভ্যাট আইটি ব্যতিত মোট ১০,০০,০০০/-(দশ লক্ষ)টাকা দ্বারা বাস্তবায়নের জন্য আমাদের নিকট স্থায়ী কমিটির প্রেরীত প্রকল্প প্রস্তাব সমূহ হতে বাছাই কমিটি অগ্রাধিকার ভিত্তিতে নিম্নলিখিত ০৬(ছয়)টি প্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হলো। সকল শর্ত বিবেচনায় রেখে উপজেলা প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নের ছয়টি উপপ্রকল্প প্রস্তাব ইউজিডিপির প্রধান কার্যালয়ে পাঠানোর বিষয়ে অদ্যকার সভায় অনুমোদনের লক্ষে উপস্থাপন করছি।<br>০১। ময়মনসিংহ সদর উপজেলার বেকার যুবক/যুবতীর জন্য ড্রাইভিং প্রশিক্ষণ।<br>০২। ময়মনসিংহ সদর উপজেলার স্বাস্থ্যকর্মী ও স্বেচ্ছাসেবকদের কোভিড-১৯ বিষয়ক স্বাস্থ্য সচেতনতা সংক্রান্ত কর্মশালা।<br>০৩। বাল্য বিবাহ, যৌতক ও নারী নির্যাতন রোধে ঈমাম, কাজী ও ইউপি চেয়ারম্যাগণের বাল্যবিবাহ রোধ আইন, অভিবাবক কাউন্সিলিং ও অন্যান্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ।<br>০৪। ময়মনসিংহ সদর উপজেলার নির্মাণ শ্রমিক(রাজ মিস্ত্রি, রড মিস্ত্রি, রং মিস্ত্রি ও ইলেক্ট্রিক মিস্ত্রি)দের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও নিরাপত্তা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ।<br>০৫। দরিদ্র চাষী ও বেকার যুবকদের বানিজ্যিকভাবে লেবু জাতীয় ফল উৎপাদনের কলা কৌশল বিষয়ক প্রশিক্ষণ।<br>০৬। আধুনিক পদ্ধতিতে কৈ, শিং ও মাগুর চাষ বিষয়ক প্রশিক্ষণ। | প্রস্তাবমতে ইউজিডিপি প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য প্রস্তাবকৃত ছয়টি সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাব যথাযথভাবে অনুমোদনের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়, ঢাকাতে প্রেরণের জন্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বস্মতিক্রমে গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ |
| ১৮ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের সরকার কর্তৃক বীর নিবাস তৈরীর কার্যক্রম রয়েছে। অতি দ্রুত বীর নিবাসের কার্যক্রম শুরু হবে বলে সভায় জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও বলেন যে, প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ১ম ও ২য় পর্যায়ের গৃহ নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন করা হয়েছে । এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় নির্মিত ঘরগুলি সরেজমিনে পরিদর্শন করায় তাঁকে ধন্যবাদ জানান। সেই সাথে পিআইসি কমিটির সদস্য ও ইউপি চেয়ারম্যানগণকে সহযোগিতা করায় ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, ময়মনসিংহ সদর উপজেলার জন্য ২০১৫-১৬ অর্থ বছরে বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তায় সমতলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য চরঈশ্বরদিয়া ইউনিয়নের ঋষি জনগোষ্টির অর্ন্তগত নর সুন্দরদের কর্মসৃজন প্রকল্পের জন্য ৩,৬৫,০০০/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ দ্বারা চরঈশ্বরদিয়া ইউনিয়নের ঋষি জনগোষ্ঠির অর্ন্তগত নর সুন্দরদের কর্মসৃজন প্রকল্প বাস্তবায়নের জন্য পর্যাপ্ত লোকবল পাওয়া যায়নি বিধায় বরাদ্দকৃত অর্থ অব্যায়িত রয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা যোগাযোগ করা হলে দ্রুত সময়ের মধ্যে অব্যায়িত অর্থ চালানের মাধ্যমে ফেরৎ প্রদানের নির্দেশনা প্রদান করেন। এবিষয়ে সকল সদস্যদেরকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া করোনা ভাইরাস কোভিড-১৯ ময়মনসিংহ সদর উপজেলা দ্রুত ছড়াচ্ছে। এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কর্মকর্তাগণকে স্বাস্থ্য বিধি মেনে অফিস করার জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে (ক) মুজিব শতবর্ষে ভূমিহীনদের গৃহ নির্মান কাজটি সুন্দরভাবে সম্পন্ন করায় উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানানো সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ময়মনসিংহ সদর উপজেলার জন্য ২০১৫-১৬ অর্থ বছরে চরঈশ্বরদিয়া ইউনিয়নের ঋষি জনগোষ্টির অর্ন্তগত নর সুন্দরদের কর্মসৃজন প্রকল্পের জন্য ৩,৬৫,০০০/-টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য পর্যাপ্ত লোকবল পাওয়া যায়নি বিধায় বরাদ্দকৃত অর্থ ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ সদর/ সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, ৫নং সিরতা ইউপি সভায় জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন জরুরী দাপ্তরিক কাজকর্ম করার ক্ষেত্রে বিদ্যুতের লোড সেডিং এর কারনে তা সম্ভব হয় না। সেজন্য জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের জন্য একটি জেনারেটর উপজেলা রাজস্ব তহবিল হতে ক্রয় করার জন্য সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ২০২০ এর ৩(৪) নীতিমালা মোতাবেক পিআইসির মাধ্যমে জেনারেটর ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২০ | সভার সভাপতি উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় বলেন, যে, উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে গর্ত হয়ে আছে সে গর্তগুলি ভরাট করা জরুরী প্রয়োজন। গর্তগুলি ভরাট করতে হলে আনুমানিক ২০০-৩০০ ট্রাক বালুর প্রয়োজন। ব্রম্মপুত্র নদের ড্রেজিং কাজের উত্তোলিত বালু দ্বারা পরিষদের গর্তগুলি ভরাট করা যেতে পারে। এ বিষয়ে বালু প্রদানের জন্য জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর অনুমতি প্রদানের বিষয়ে পত্র প্রদান করা যেতে পারে। তিনি আরও বলেন যে, ২০২১-২২ অর্থ বছরে স্থাণীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে করোনা ভাইরাস(কোভিড-১৯) প্রতিরোধে,প্রতিরোধমূলক ব্যবস্থা(মাক্স, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিবায়োটি সাবান, পালস অক্সি মিটার, থার্মাল স্ক্যানার, অক্সিজেন সিলিন্ডার)ইত্যাদি বিনামূল্যে বিতরন/সেবা প্রদান কার্যক্রম বাস্তবায়নের জন্য ৩,৭৩,০০০/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থে দ্রুত সময়ের মধ্যে বর্ণিত মালামাল ক্রয় করার বিষয়ে সভায় অবহিত করেন। উপলক্ষে অত্র উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন যে সকল পিআইসি/টেন্ডার পরিষদ কর্তৃক অনুমোদিত হয়েছে তা দ্রুত বাস্তায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান এবং উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর কে সরেজমিনে যাচাই-বাছাই করে বিল প্রদানের সুপারিশ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। সকল বিভাগের কর্মকর্তাদের আরও নিষ্ঠার সাথে কাজ করার জন্য নির্দেশানা প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে, ব্রম্মপুত্র নদের পাড় হতে বালু সরবরাহের অনুমতি প্রদানের বিষয়ে জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর পত্র প্রদান এবং করোনাভাইরাস(কোভিড-১৯) প্রতিরোধের জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা দ্রুত সময়ের মধ্যে বর্ণিত মালামাল আরএফকিউ পুদ্ধতিতে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত পিআইসি/ টেন্ডার দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, ময়মমনসিংহ সদর, ময়মনসিংহ। |
| | সভাপতি মহোদয় আরও বলেন যে, ময়মনসিংহ সদর উপজেলায় দীর্ঘদিন যাবৎ উপজেলা ক্রীড়া সংস্থা কার্যকরী কমিটি না থাকায় ময়মনসিংহ সদর উপজেলায় ক্রীড়া কার্যক্রম স্থবির অবস্থায় আছে । তিনি আরও বলেন যে, ক্রীড়া কার্যক্রম গতিশীল লক্ষ্যে পদাধিকার বলে উপজেলা নির্বাহী অফিসারকে আহবায়ক করে ০৭(সাত)সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করে দ্রুত সময়ের মধ্যে কার্যকরী কমিটি গঠনের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। এডহক কমিটি দ্রুত সময়ের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করবেন। | উপজেলা নির্বাহী অফিসারকে আহবায়ক করে ০৭(সাত) সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করে দ্রুত সময়ের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| ২০ | **উপজেলা পরিষদের নিজস্ব তহবিলে নিম্নলিখিত প্রকল্পসমূহ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় (রাজস্ব/উন্নয়ন)ঃ**<br>বিবিধ ঃ (উন্নয়ন তহবিল)<br>০১। কাঁচিজুলি বন বিভাগ অফিস হতে বিভিন্ন জাতের চারা উপজেলার সকল ইউনিয়ন ও শিক্ষা প্রতিষ্ঠান ও আবাসন প্রকল্পে পৌছানোর জন্য পরিবহন ভাড়া বাবদ-২৫,০০০/-টাকা।<br>০২। ময়মনসিংহ মেডিকেল কলেজের ম-৫৫ ব্যাচেরন ছাত্র আব্দুস সালাম এর মস্তিস্কের চিকিৎসা বাবদ ২০,০০০/- টাকা ।<br>০৩। ঘাগড়া ইউনিয়নে চরঘাগড়া আলম সরকারেরবাড়ীর সামনে ভেঙ্গে যাওয়া রাস্তা মেরামত ও প্যালাসাইটিংকরণ (পিআইসি)।<br>০৪। ঘাগড়া ইউনিয়নে চরঘাগড়া ইউনুস সরকারের বাড়ীর মাদ্রাসা হতে হাজারী সরকার বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিং করণ (পিআইসি)।<br>০৫। অষ্টধার বহুমুখী উচ্চ বিদ্যালয়ের গেইট সংলগ্ন ড্রেন নির্মাণ করণ (পিআইসি)।<br>০৬। সিরতা ইউনিয়নের চরদূর্গাপুর গ্রামের সানীর মোড় হতে সরকার বাড়ী পর্যন্ত ইটের সলিং দ্বারা উন্নয়ন (পিআইসি)।<br>০৭। সিরতা ভরুয়া কান্দা মজিবুর ভিডিআর বাড়ীর সমানে হতে ইটের সলিং পর্যন্ত রাস্তা উন্নয়ন (টেন্ডার)।<br>০৮। পরানগঞ্জ সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন (টেন্ডার)।<br>০৯। দক্ষিণ চরকালাবিড়ী মুজিব শতবর্ষে ভূমিহীন ও গৃহহীনদের গৃহ নির্মাণ স্থানে বিভিন্ন গর্ত ভরাট করে উন্নয়ন (পিআইসি)।<br>বিবিধ ঃ (রাজস্ব তহবিল)<br>০১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য আইপিএস এর ব্যাটারী ও আনুসঙ্গিক মালামাল ক্রয় বাবদ ২৫,০০০/-টাকা ।<br>০২। ইউনিয়ন পরিষদের সচিবদের নিয়ে জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে প্রশিক্ষণ বাবদ-২৫,০০০/-টাকা। | আলোচনান্তে উপজেলা রাজস্ব/উন্নয়ন /এডিপি তহবিল হতে প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(আশরাফ হোসাইন)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

তারিখ-২১/০৯/২০২১খ্রিঃ।

স্মারক নংঃ ০৫.৪৫.৬১৫২.০০০৯.০৩.০০১.২০২১.৯৩৫ /১(৫০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। বেগম রওশন এরশাদ, এমপি, মাননীয় বিরোধী দলীয় নেতা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৭। উপজেলা.......................................কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৮। জনাব................................................চেয়ারম্যান...............................ইউপি (সকল), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

৯। জনাব.............................................................................................. ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১০। অফিস কপি।

২১/৯/২১

(মোঃ সাইফুল ইসলাম)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।